



# SKS

# নিয়োগ বিজ্ঞপ্তি

এসকেএস ফাউন্ডেশন জাতীয় পর্যায়ে একটি স্বীকৃত বেসরকারী উন্নয়নমূলক সংস্থা যা, ১৯৮৭ সাল থেকে দরিদ্র জনগোষ্ঠীর জীবনযাত্রার মান উন্নয়নের লক্ষ্যে কার্যক্রম বাস্তবায়ন করে আসছে। সংস্থাটি মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি (এমআরএ) সনদ সহ (এমআরএ-০১৬২১-০০৫৩৪-০০০৪৫) একাধিক প্রতিষ্ঠান কর্তৃক সনদ প্রাপ্ত। উক্ত সংস্থায় ঋণ কার্যক্রম বাস্তবায়ন ও সম্প্রসারণের নিমিত্তে নিম্নে উল্লিখিত পদে কর্মী নিয়োগের জন্য যোগ্য প্রার্থীদেরকে নিম্নস্বাক্ষরকারী বরাবর লিখিত আবেদনপত্রের সঙ্গে পূর্ণ জীবন বৃত্তান্ত (ইমেইল ও মোবাইল নম্বর উল্লেখসহ), ০২ কপি পাসপোর্ট সাইজ রঙ্গিন ছবি, নাগরিকত্ব সনদ, জাতীয় পরিচয় পত্র, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদের ফটোকপি আগামী ৩০ সেপ্টেম্বর ২০২৪ ইং তারিখ অফিস সময়ের মধ্যে এসকেএস ফাউন্ডেশন, কলেজ রোড, উত্তর হরিণ সিংহা, গাইবান্ধা- ৫৭০০ ঠিকানায় ডাক/কুরিয়ার/সরাসরি প্রেরণের আহ্বান করা যাচ্ছে। এছাড়াও [hr@sk-s-bd.org](mailto:hr@sk-s-bd.org) এই মেইলে আবেদন করতে পারবেন। শুধুমাত্র বাছাইকৃত প্রার্থীদেরকে নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য ডাকা হবে। নারী প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। পরীক্ষা গ্রহণের ভেনু হবে ঢাকা, সিরাজগঞ্জ, রাজশাহী ও গাইবান্ধা জেলা।

**১. এরিয়া ম্যানেজার- (১০ জন): শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা:** যে কোন বিষয়ে মাস্টার্স/চার বছর মেয়াদী অনার্স। এনজিও/আর্থিক প্রতিষ্ঠানে ঋণ কার্যক্রমে একসাথে ০৫ টি ব্রাঞ্চ পরিচালনায় কমপক্ষে ৫ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে এবং রিপোর্টিং এ দক্ষ হতে হবে। মোটর সাইকেল চালনায় সক্ষম ও বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। **বেতন-ভাতা:** শিক্ষানবিশকালে (৪ মাস) মাসিক সর্বসাকুল্যে ৩৮,৬০০/- এবং শিক্ষানবিশকাল শেষে স্থায়ী হলে মাসিক বেতন-ভাতা হবে ৪৩,৭০০/-, মোবাইল ভাতা ১,০০০/-, জ্বালানী ভাতা ৩,৫০০/-, দুরত্ব ভাতা ও লক্ষ্যমাত্রা অর্জনের ভিত্তিতে নির্ধারিত হারে ক্রেডিট ভাতা প্রাপ্য হবেন।

**২. সহকারী ব্রাঞ্চ ম্যানেজার- (৫০ জন): শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা:** যে কোন বিষয়ে মাস্টার্স। এনজিও/আর্থিক প্রতিষ্ঠানে ঋণ কার্যক্রমে মাঠ পর্যায়ে কমপক্ষে ২ বছর কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স-** সর্বনিম্ন ২৫ বছর। **বেতন-ভাতা:** শিক্ষানবিশকালে (৪ মাস) মাসিক সর্বসাকুল্যে ২৫,৯৭০/- এবং শিক্ষানবিশকাল শেষে স্থায়ী কর্মী হিসেবে মাসিক বেতন-ভাতা হবে ২৮,৮২৮/- এছাড়াও দুরত্ব ভাতা, আবাসন ভাতা (প্রযোজ্য ক্ষেত্রে) ও লক্ষ্যমাত্রা অর্জনের ভিত্তিতে নির্ধারিত হারে ক্রেডিট ভাতা প্রাপ্য হবেন।

**৩. ফিল্ড অফিসার- (১০০ জন): শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা:** যে কোন বিষয়ে মাস্টার্স। এনজিও/আর্থিক প্রতিষ্ঠানে ঋণ কার্যক্রমে মাঠ পর্যায়ে কমপক্ষে ১-২ বছর কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স-** সর্বনিম্ন ২৫ বছর। **বেতন-ভাতা:** শিক্ষানবিশকালে (৪ মাস) মাসিক সর্বসাকুল্যে ২০,৯৩০/- এবং শিক্ষানবিশকাল শেষে স্থায়ী হলে মাসিক বেতন-ভাতা হবে ২৬,০৬০/-, দুরত্ব ভাতা, আবাসন ভাতা (প্রযোজ্য ক্ষেত্রে) ও লক্ষ্যমাত্রা অর্জনের ভিত্তিতে নির্ধারিত হারে ক্রেডিট ভাতা প্রাপ্য হবেন। সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।

**৪. হিসাবরক্ষক- (২৫ জন): শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা:** বাণিজ্যে বিভাগ হতে মাস্টার্স/ অনার্স। এনজিও/আর্থিক প্রতিষ্ঠানে ব্রাঞ্চের হিসাব কার্যক্রম পরিচালনায় ২ থেকে ৩ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। সফটওয়্যার চালনা, রিপোর্টিং ও কম্পিউটার পরিচালনা বিষয়ে দক্ষতা থাকতে হবে। **বয়স-** সর্বনিম্ন ২৫ বছর। **বেতন-ভাতা:** দক্ষতা ও যোগ্যতার ভিত্তিতে মাসিক বেতন-ভাতা হবে সর্বসাকুল্যে ২৬,০৬০/-। এছাড়াও দুরত্ব ভাতা, আবাসন ভাতা (প্রযোজ্য ক্ষেত্রে) ও ব্রাঞ্চের লক্ষ্যমাত্রা অর্জনের ভিত্তিতে নির্ধারিত হারে ক্রেডিট ভাতা প্রাপ্য হবেন।

**৫. ফিল্ড এ্যাসিস্ট্যান্ট- (১০০ জন): শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা:** কমপক্ষে অনার্স/ডিগ্রি পাস। এনজিও/আর্থিক প্রতিষ্ঠানে ঋণ কার্যক্রমে মাঠ পর্যায়ে কমপক্ষে ১-২ বছর কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স-** সর্বনিম্ন ২৫ বছর। **বেতন-ভাতা:** শিক্ষানবিশকালে (৪ মাস) মাসিক সর্বসাকুল্যে ১৮,৮৮০/- এবং শিক্ষানবিশকাল শেষে স্থায়ী হলে মাসিক বেতন-ভাতা হবে ২৪,৮৬০/- এছাড়াও দুরত্ব ভাতা, আবাসন ভাতা (প্রযোজ্য ক্ষেত্রে) ও লক্ষ্যমাত্রা অর্জনের ভিত্তিতে নির্ধারিত হারে ক্রেডিট ভাতা প্রাপ্য হবেন। সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।

এছাড়াও সাপ্তাহিক ২ দিন ছুটি, পি.এফ, গ্রাচুয়িটি, চিকিৎসা সেবা সহায়তা, বৈশাখী ভাতা, উৎসব ভাতা এবং ব্যয়বহুল স্থান ও চরে অবস্থিত ব্রাঞ্চ কাজের জন্য বিশেষ যাতায়াত ভাতা প্রদান করা হবে। উল্লেখ্য যে, সকল পদে উত্তীর্ণ প্রার্থীদের যোগদানের সময় নীতিমালা অনুযায়ী জামানত (ফেরতযোগ্য) প্রদান করতে হবে। বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে পেতে ও অনলাইন আবেদনের জন্য ভিজিট করুন: <https://www.sk-s-bd.org/index.php/career>

**বি: দ্র:** খামের উপরে এবং আবেদনপত্রের উপরে অবশ্যই পদের নাম উল্লেখ করতে হবে। সংশ্লিষ্ট শিক্ষাগত যোগ্যতা ও কাজের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থী ছাড়া অন্যান্যদের আবেদন গ্রহণযোগ্য হবে না। উক্ত নিয়োগের ক্ষেত্রে কোন প্রকার আর্থিক লেনদেন হতে বিরত থাকুন।

উপ-পরিচালক  
মানব সম্পদ